

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.৪২.০৬০.৯৫-

তারিখ:-----খ্রি:।

বিষয়ঃ মরহম মোঃ বিল্লাল হোসেন খান, প্রাক্তন অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর-এর আনুতোষিক ও মাসিক অবসরভাতা এবং লাম্পগ্রান্ট মঞ্জুরী।


যুব উন্নয়ন অধিদপ্তরধীন খাগড়াছড়ি পার্বত্য জেলার মাটিরাঙ্গা উপজেলা কার্যালয়ের অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর জনাব মোঃ বিল্লাল হোসেন চাকুরিতে কর্মরত থাকা অবস্থায় ০৫-১২-২০১৮খ্রিঃ তারিখে মৃত্যুবরণ করেন। মরহমের স্ত্রী জনাব শাবানা আক্তার পারিবারিক পেনশন এবং লাম্পগ্রান্ট মঞ্জুরীর আবেদন করেন। মরহমের মোট পেনশনযোগ্য চাকুরিকাল ২৩ বছর ০ মাস ২৪ দিন এবং তিনি বিধি মোতাবেক ৮৩% হারে পেনশন প্রাপ্য। শেষ বেতন সনদ(এলপিসি) অনুযায়ী তিনি পূর্ণ গড় বেতনে ০১ বছর ০৮ মাস ১০ দিন ও অর্ধ গড় বেতনে ০২ বছর ১১ মাস অর্জিত ছুটি পাওনা রয়েছেন এবং মৃত্যুর অব্যবহিত পূর্বের তারিখে মরহমের মূল বেতন ১৮,৪০০/-টাকা। তিনি ১৮,৪০০/-টাকার ৮৩% হারে ১৫,২৭২/-টাকা মোট অবসরভাতা প্রাপ্য। তিনি অবসরভাতা ১৫,২৭২/-টাকার ১ম অর্ধাংশ ৭,৬৩৬/-টাকার বিনিময় হার ২৩০/-টাকা হিসেবে ৭,৬৩৬x২৩০=১৭,৫৬,২৮০/-টাকা আনুতোষিক ও ২য় অর্ধাংশ ৭,৬৩৬/-টাকা হারে মাসিক অবসরভাতা এবং প্রাপ্য ছুটি নগদায়নপূর্বক ১৮(আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ ১৮,৪০০x১৮=৩,৩১,২০০/-টাকা লাম্পগ্রান্ট প্রাপ্য। উল্লেখ্য, উন্নয়ন প্রকল্পের চাকুরিকাল গণনা করে টাইমস্কেল সুবিধা গ্রহণের কারণে অতিরিক্ত উত্তোলিত বেতনভাতা বাবদ ২,৭৭,৪৪৯/-টাকা ও অডিট আপত্তিজনিত ৭,০২৫/-টাকাসহ মোট (২,৭৭,৪৪৯+৭,০২৫) ২,৮৪,৪৭৪/-(দুই লক্ষ চুরাশি হাজার চারশত চুরাত্তর) টাকা আদায়যোগ্য।

২। বর্ণিত অবস্থায়, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ২৭-০১-২০০৯খ্রিঃ তারিখের অম/অবি/প্রবি-১/৩পি-২/২০০৫(অংশ-১)/৫ সংখ্যক স্মারকের মাধ্যমে জারিকৃত পেনশন মঞ্জুরী ও পরিশোধ বিধি ২০০৯ এর অনুচ্ছেদ-৩.০১ মোতাবেক প্রাপ্য আনুতোষিক বাবদ ১৭,৫৬,২৮০/-টাকা হতে ২,৮৪,৪৭৪/-টাকা কর্তন করে অবশিষ্ট (১৭,৫৬,২৮০-২,৮৪,৪৭৪) ১৪,৭১,৮০৬/-(চৌদ্দ লক্ষ একাত্তর হাজার আটশত ছয়) টাকা আনুতোষিক ও মাসিক অবসরভাতা হিসেবে ৭,৬৩৬/-সাত হাজার ছয়শত ছত্রিশ) টাকা এবং জাতীয় বেতনস্কেল ২০১৫ এর অনুচ্ছেদ-১০(২)(খ) অনুযায়ী লাম্পগ্রান্ট বাবদ ৩,৩১,২০০/-(তিন লক্ষ একত্রিশ হাজার দুইশত) টাকাসহ সমুদয় অর্থ জনাব শাবানা আক্তার-এর অনুকূলে পরিশোধের মঞ্জুরী অনুমোদনক্রমে প্রদান করা হলো।

৩। মরহমের আনুতোষিক ও মাসিক অবসরভাতা এবং লাম্পগ্রান্ট মঞ্জুরীর জন্য নিম্নলিখিত কাগজপত্র এসঙ্গে প্রেরণ করা হলো।

নং	বিবরণ	সংখ্যা
১	পেনশন ফরম-২.২	০১(এক)কপি
২	মৃত্যু সনদ	০১(এক)কপি
৩	নমুন স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ	০১(এক)কপি
৪	উত্তরাধিকার সনদপত্র ও নন-ম্যারিজ সার্টিফিকেট	০১(এক)কপি
৫	আনুতোষিক ও অবসরভাতা উত্তোলন করার ক্ষমতা অর্পণ ও অভিযাবক মনোনয়ন-এর প্রত্যয়নপত্র	০১(এক)কপি
৬	না-দাবী প্রত্যয়নপত্র	০১(এক)কপি
৭	শেষ বেতন সনদ(এলপিসি)	০১(এক)কপি
৮	মূল চাকুরি বহি	০১(এক)কপি

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ০৮(আট) কপি।


(আ, ন, আহম্মদ আলী)
যুগ্ম-সচিব
পরিচালক(প্রশাসন ও অর্থ)
ফোনঃ ৯৫৫০৮৬৩।

উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা

মাটিরাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.৪২.০৬০.৯৫-

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

১। চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ৩য় ফেইজ(৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।

৩। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, খাগড়াছড়ি পার্বত্য জেলা।


৪। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা(আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।

৫। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, মাটিরাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

৭। জনাব শাবানা আক্তার, স্বামীঃ মরহম বিল্লাল হোসেন, গ্রামঃ মুসলিম পাড়া, ওয়ার্ড নং-৮, ডাক+উপজেলাঃ মাটিরাঙ্গা, জেলাঃ খাগড়াছড়ি।

৮। অফিস কপি।


(মোঃ শাহাদাত হোসেন)
নিরীক্ষা ও হিসাবরক্ষণ অফিসার
ফোনঃ ৪৭১১০৬৭২।